# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৯৪৬

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ১৪. তৃতীয় অনুচ্ছেদ - অনুগ্রহ ও স্বজনে সদাচার

## আরবী

وَعَن
سعيدِ بْنِ الْعَاصِ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسلم: «حقُّ كبيرِ الإِخوَةِ على صَغِيرِهِمْ حَقُّ الْوَالِدِ عَلَى وَلَدِهِ» . رَوَى الْبَيْهَقِيُّ الأَحاديثَ الخمسةَ فِي «شعب الْإِيمَان»

## বাংলা

৪৯৪৬-[৩৬] সা’ঈদ ইবনুল ’আস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ বড় ভাইয়ের অধিকার ছোট ভাইয়ের ওপর, যেমন- পিতার অধিকার তার পুত্রের উপর।

(উপরের পাঁচটি হাদীস বায়হাক্বী’র ’’শু’আবুল ঈমানে’’ বর্ণনা করেছেন।)[1]

## ফুটনোট

[1] য‘ঈফ : শু‘আবুল ঈমান বায়হাক্বী ৭৯২৯, য‘ঈফুল জামি‘ ২৭৩৬, য‘ঈফাহ্ ১৮৭৮।

হাদীসটি য‘ঈফ হওয়ার কারণ, ‘‘মুহাম্মাদ ইবনু আস্ সায়িব আন্ নুকরা’’ নামের বর্ণনাকারী য‘ঈফ। দেখুন- য‘ঈফাহ্ ১৮৭৮।

## ব্যাখ্যা

ব্যাখ্যাঃ পিতার অবর্তমানে বড় ভাই ছোট ভাই-বোনের অভিভাবক হয়ে থাকে। এছাড়া পিতার বর্তমানেও বড় ভাই ছোট ভাই-বোনদের লালন-পালন ও পরিচর্যা করে থাকে, এমনকি অনেক সময় বড় ভাইয়ের উপার্জনেই ছোট ভাই-বোনের জীবিকা নির্বাহ হয়ে থাকে।

অতএব ছোট ভাইয়ের ওপর বড় ভাইয়ের অধিকার পুত্রের প্রতি পিতার অধিকারের মতই।

মুল্লা ‘আলী কারী (রহিমাহুল্লাহ) বলেনঃ এই সাদৃশ্য মুবালাগাহ্ হিসেবে পেশ করা হয়েছে। (মিরক্বাতুল মাফাতীহ)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ সা‘ঈদ ইবনু আস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=75670

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন